## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা।

## [ মৃল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ষ ]

## প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৪৪-আইন/২০২৩/২২১-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুরু আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯ এর নিয়রূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (ক) সকল স্থানে উল্লিখিত "ফরম" শব্দের পরিবর্তে "ফরম-ক" প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ৭ এ উল্লিখিত "প্রত্যয়নপত্র" শব্দের পর "(ফরম-খ)" শব্দগুলি ও চিহ্নগুলি সন্নিবেশিত হইবে; এবং
- (খ) উপরি-উক্ত বিধিমালার শেষাংশে নিম্নরূপ নূতন ফরম "ফরম-খ" সংযোজিত হইবে, যথা:-

"ফরম-খ" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট-----সার্কেল ঠিকানা: ------

## [প্রত্যয়নপত্র]

[বিধি ৭(১) দুষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, প্রতিষ্ঠানের নাম: --------, ঠিকানা: ------, মূসক নিবন্ধন নং------ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন পূববর্তী ১২ (বারো) কর মেয়াদের বা প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট কর মেয়াদের দাখিলপত্র (মূসক-৯.১) দাখিল করিয়াছে এবং উক্ত প্রতিষ্ঠান "মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯" মোতাবেক প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করিয়াছেন।

তারিখ:

রাজস্ব কর্মকর্তা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ------ সার্কেল ২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোহাম্মদ হাসমত আলী ) প্রথম সচিব (মূসক নীতি)